

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৬৩২

১২/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ১২/৪৬. ইসলামের দিকে আকৃষ্ট করার জন্য প্রদান এবং যাদের ঈমান শক্ত তাদের ধৈর্য ধারণ করা।

আরবী

حديث أَنس بْنِ مَالِك، أَنَّ نَاسًا مِنَ الأَنْصَارِ قَالُوا لِرَسُولِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ أَمُوالِ هَوَازِنَ مَا أَفَاءَ فَطَفِقَ يُعْطِي حِينَ أَفَاءَ اللهُ عَلَى رَسُولِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ أَمُوالِ هَوَازِنَ مَا أَفَاءَ فَطَفِقَ يُعْطِي رِجَالاً مِنْ قُريشٍ الْمَائَةَ مِنَ الإِبلِ؛ فَقَالُوا: يَغْفِرُ اللهُ لِرَسُولِ اللهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِمَقَالتِهِمْ، فَأَرْسَلَ إِلَى الأَنْصَارِ فَجَمَعَهُمْ فِي قُبَّةٍ مِنْ أَدَمٍ، وَلَمْ يَدْعُ مَعَهُمْ أَحَدًا عَلَيْهِ وَسَلَّمَ بِمَقَالتِهِمْ، فَأَرْسَلَ إِلَى الأَنْصَارِ فَجَمَعَهُمْ فِي قُبَةٍ مِنْ أَدَمٍ، وَلَمْ يَدْعُ مَعَهُمْ أَحَدًا عَيْرَهُمْ، فَلَمَّا اجْتَمَعُوا جَاءَهُمْ رَسُولُ اللهِ صَلِّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: مَا كَانَ حَدِيثٌ عَيْرَهُمْ، فَلَمْ يَقُولُوا شَيْئًا، وَأَمَّا أَنَاسٌ عَنْكُمْ قَالَ لَهُ فُقَالُوا: يَغْفِرُ اللهُ لِرَسُولِ اللهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَقَالَ: مَا كَانَ حَدِيثٌ مَعْمُ أَنَاسٌ مِنَّا حَدِيثٌ أَسْنَانُهُمْ، فَقَالُوا: يَغْفِرُ اللهُ لِرَسُولِ اللهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعْطِي قَرَيْشًا مِنَّا حَدِيثٌ قَالُوا: يَغْفِرُ اللهُ لِرَسُولِ اللهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُعْطِي قَرَيْشًا وَيَتُرُكُ الأَنْصَارَ، وَسُيُوفُنَا تَقْطُرُ مِنْ دَمَائِهِمْ فَقَالَ رَسُولُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْقُولُ اللهِ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْحَوْضِ قَالَ اللهِ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْحُوْضِ قَالَ اللهِ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْحَوْضَ قَالَ اللهِ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْحَوْضَ قَالَ اللهِ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْحَوْضَ قَالَ اللهَ وَرَسُولُ اللهِ وَمَلَى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْحَوْضَ قَالَ اللهَ وَرَسُولَ اللهَ وَرَسُولًا اللهَ وَرَسُولَا اللهَ وَرَسُولًا اللهَ وَرَسُولًا اللهَ وَرَسُولُ اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْحَوْضَ عَلَى الْحَوْضَ قَالَ أَنْسَالُهُ اللهُ وَلَالهُ عَلَيْهُ وَسَلَّمَ عَلَى الْحَوْضَ عَلَى الْحَو

বাংলা

৬৩২. আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত। যখন আল্লাহ্ তা'আলা আল্লাহর রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে হাওয়াযিন গোত্রের মাল থেকে যা দান করার তা দান করলেন। আর তিনি কুরাইশ গোত্রের লোকদের একশ' করে উট দিতে লাগলেন। তখন আনসারদের হতে কিছু সংখ্যক লোক বলতে লাগল, আল্লাহ আল্লাহর রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে ক্ষমা করুন। তিনি কুরাইশদেরকে দিচ্ছেন, আমাদেরকে দিচ্ছেন



না। অথচ আমাদের তলোয়ার থেকে এখনও তাদের রক্ত ঝরছে।

আনাস (রাঃ) বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট তাদের কথা পৌছান, হল। তখন তিনি আনসারদের ডেকে পাঠালেন এবং চর্ম নির্মিত একটি তাঁবুতে তাদের একত্রিত করলেন আর তাঁদের সঙ্গে তাঁদের ব্যতীত আর কাউকে ডাকলেন না। যখন তারা সকলে একত্রিত হলেন, তখন আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের নিকট এলেন এবং বললেন, 'আমার নিকট আমাদের ব্যাপারে যে কথা পৌছেছে তা কী?' তাঁদের মধ্যে বয়স্ক লোকরা তাকে বললেন, 'হে আল্লাহর রাসূল! আবাদের মধ্য থেকে বয়স্করা কিছুই বলেননি। আমাদের কতিপয় তরুণরা বলেছেঃ আল্লাহ আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ক্ষমা করুন। তিনি আনসারদের না দিয়ে কুরায়শদের দিচ্ছেন; অথচ আমাদের তরবারি হতে এখনও তাদের রক্ত ঝরছে।

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, 'আমি এমন লোকদের দিচ্ছি, যাদের কুফরীর যুগ মাত্র শেষ হয়েছে। তোমরা কি এতে খুশী নও যে, লোকরা দুনিয়াবী সম্পদ নিয়ে ফিরবে, আর তোমরা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে নিয়ে মনযিলে ফিরবে, আর আল্লাহর কসম, তোমরা যা নিয়ে মনযিলে ফিরবে, তা তারা যা নিয়ে ফিরবে, তার চেয়ে উত্তম। তখন আনসারগণ বললেন, 'হ্যাঁ, হে আল্লাহর রাসূল! আমরা এতেই সন্তুষ্ট। অতঃপর আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, 'আমার পরে তোমরা আমাদের উপর অন্যদের খুব প্রাধান্য দেখতে পাবে। তখন তোমরা ধৈর্য অবলম্বন করবে, যে পর্যন্ত না তোমরা আল্লাহ ও তাঁর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে হাউয়ে কাওসারে মিলিত হবে।' আনাস (রাঃ) বলেন, কিন্তু আমরা ধৈর্যধারণ করতে পারিনি।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৫৭ : মুস (এক পঞ্চমাংশ), অধ্যায় ১৯, হাঃ ৩১৪৭; মুসলিম, পর্ব ১২: যাকাত, অধ্যায় ৪৬, হাঃ ১০৫৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন